

ঢাকা বিশ্ববিদ্যালয়ের

৫ শিক্ষক

বরখাস্ত

বাসস : অননুমোদিতভাবে কর্তব্যে অনুপস্থিত থাকার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩ জন শিক্ষককে চাকরি থেকে অব্যাহতি দেয়া হয়েছে এবং আরো ২ জন শিক্ষককে বরখাস্ত করা হয়েছে।

চাকরি থেকে যাদেরকে অব্যাহতি দেয়া হয়েছে তারা হলেন : সমাজ বিজ্ঞান বিভাগের প্রভাষিকা মিসেস সৈয়েদা জাকারিয়া হোসেন, ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগের সহকারী অধ্যাপক ডঃ মোহাম্মদ রেজাউল হক এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক মোহাম্মদ শামসের আলী। অপরদিকে যাদেরকে বরখাস্ত করা হয়েছে তারা হলেন : ইংরেজী বিভাগের প্রভাষক সুধির সামুয়েল চৌধুরী এবং ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্স বিভাগের প্রভাষক আদনান সিরাজ লস্কর।